

ফাইন্যান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল

অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

পর্যটন ভবন (৯ম তলা), প্লট নং- ই-৫, সি/১ পশ্চিম আগারগাঁও
শেরে বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭।

ফোন নং: ৪১০২৪৬৮৬, ৪১০২৪৬৭৪

www.frc.gov.bd

স্মারক নং. ১৭৭/এফআরসি/এপিআর/২০২৫/৩৪২

তারিখ: ৩০ জুন ২০২৫ খ্রিঃ

বিজ্ঞপ্তি

নিরীক্ষক ও নিরীক্ষা ফার্ম তালিকাভুক্তি ও নবায়ন (২০২৪-২০২৫ অর্থবছর) সনদ বিতরণের সময় বৃদ্ধিকরণ

সংশ্লিষ্ট সকলের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, ফাইন্যান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল কর্তৃক ২০২৪-২০২৫ অর্থবছরে তালিকাভুক্ত সকল নিরীক্ষক ও নিরীক্ষা ফার্মকে তালিকাভুক্তি ও নবায়ন সনদ সংগ্রহের জন্য ৩য় বার সুযোগ প্রদানপূর্বক বিগত ১৮ মে ২০২৫ খ্রিঃ তারিখে এফআরসি'র ওয়েবসাইটে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয় যার সর্বশেষ সময় ছিল ৩১ মে ২০২৫ খ্রিঃ তারিখ পর্যন্ত।

৩২তম কাউন্সিল সভার সিদ্ধান্ত মোতাবেক, যে সকল তালিকাভুক্ত নিরীক্ষক বা নিরীক্ষা ফার্ম উক্ত সময়ের মধ্যে তালিকাভুক্তি ও নবায়ন সনদ সংগ্রহ করতে পারেননি, সে সকল তালিকাভুক্ত নিরীক্ষক বা নিরীক্ষা ফার্মকে আগামী ১৭ জুলাই ২০২৫ খ্রিঃ রোজ বৃহস্পতিবার এর মধ্যে তালিকাভুক্তি ও নবায়ন সনদ নির্ধারিত ফি প্রদান সাপেক্ষে এফআরসি'র কার্যালয় হতে সংগ্রহ করার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, ফাইন্যান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল (নিরীক্ষক ও নিরীক্ষা ফার্ম তালিকাভুক্তি) বিধিমালা, ২০২২ এর তফসিল-২ এ বর্ণিত সনদ ফি (তালিকাভুক্তি ও নবায়ন) ১,০০০/- (এক হাজার) টাকা এর সাথে ১৫% ভ্যাটসহ মোট ১,১৫০/- (এক হাজার একশত পঞ্চাশ) টাকা অনলাইনে (<https://invoice.sslcommerz.com/invoice-form?refer=65F7DAD05AD5D>) অথবা **FRC AUDITOR ENLISTMENT FUND** এর নামে পে-অর্ডার এর মাধ্যমে পেমেন্ট করতে হবে। নিরীক্ষক ও নিরীক্ষা ফার্ম তালিকাভুক্তির ফি (অনলাইন/অফলাইন) জমাকরণ রশিদ/পে-অর্ডারের মূলকপি সনদ সংগ্রহের সময় জমা প্রদান করতে হবে।

বিঃ দ্রঃ ফাইন্যান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল (নিরীক্ষক ও নিরীক্ষা ফার্ম তালিকাভুক্তি) বিধিমালা, ২০২২ এর ফরম ১ এবং ফরম ২ অনুযায়ী নিরীক্ষক বা নিরীক্ষা ফার্ম কর্তৃক ২০২৫-২০২৬ অর্থবছরে তালিকাভুক্তি সনদ নবায়ন আবেদনের ক্ষেত্রে ২০২৪-২০২৫ অর্থবছরের তালিকাভুক্তি বা নবায়ন সনদ জমা প্রদানের বাধ্যবাধকতা রয়েছে।

যে কোন তথ্যের জন্য নিম্নে উল্লেখিত মোবাইল নম্বরে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

০১৮১০১৫৬৩৫৬

Scan for online Payment



Ms. I. Akmal

সভাপতি

নিরীক্ষক ও নিরীক্ষা ফার্ম
তালিকাভুক্তি বাছাই কমিটি

ই-মেইল: ed.apr@frc.gov.bd